দৈনিক আমাদের সময়

20 JUL 2017
পৃষ্ঠা ৩ কলাম ৫

# তিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রেখে এমপির মেজবানি

আমিনুল ইসলাম, সিরাজগঞ্জ ●

সিরাজগঞ্জের তাড়াশ উপজেলা সদরে ৩টি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রেখে মেজবানি অনুষ্ঠান করেছেন সরকারদলীয় স্থানীয় সংসদ সদস্য গাজী ম.ম আমজাদ হোসেন মিলন। তার পরিবারের সদস্যরা হজ্বব্রত পালনের জন্য আগামী ২৪ জুলাই সৌদি আরব রওনা হবেন। এ উপলক্ষে গতকাল বুধবার অনুষ্ঠানটির আয়োজন করা হয়। এতে বিএনপি, জামায়াত ও আওয়ামী লীগের নেতাকর্মীরা ছাড়াও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

তাড়াশ ডিগ্রি কলেজ, ইসলামিয়া পাইলট উচ্চ বিদ্যালয় ও তাড়াশ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় একই বাউন্ডারির ভেতরে অবস্থিত। মাঠের মধ্যে বিশাল প্যান্ডেল তৈরি করে ওই মেজবানির অনুষ্ঠান করা হয়।

জানা গেছে, স্থান সংকুলান না হওয়ায় প্রতিষ্ঠানগুলোর কক্ষের ভেতরেও অতিথিদের খাওয়ানো হয়। প্রায় ৪

এরপর পৃষ্ঠা ৯ কলাম ৬

## তিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ

(৩ এর পৃষ্ঠার পর) হাজার অতিথির জন্য ৫টি গরু ও ৫টি ছাগল জবাই দেওয়া হয়। অনুষ্ঠান উপলক্ষে প্রতিষ্ঠানগুলো বন্ধ রাখা হয়।

এ বিষয়ে তাড়াশ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নজরুল ইসলাম বলেন, স্কুলের অফিস খোলা রয়েছে। মাঠে এমপি সাহেবের অনুষ্ঠান চলছে। তাকে (এমপি) তো আমাদের সহায়তা করতেই হবে। এ অবস্থায় স্কুলের শিক্ষার্থীরা স্কুলে আসবে কিনা সেটি তাদের ব্যাপার। তাড়াশ ইসলামিয়া পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুস সালাম বলেন, স্কুলে শিক্ষার্থীদের চলমান পরীক্ষা ১টায় শেষ হয়েছে। অনুষ্ঠান শুরু হয়েছে ১টার পর। এতে তেমন অসুবিধা হয়নি।

তাড়াশ ডিগ্রি কলেজের অধ্যক্ষ মনিরুজ্জামান মনি বলেন, এমপির অনুষ্ঠানের কারণে আধা বেলা কলেজ বন্ধ রাখা হয়েছে। এ বিষয়ে আপনার যদি কিছু জানার থাকে, তা হলে মোবাইলে কথা নয়, সামনে আসুন– বলেই তিনি সংযোগ বিচ্ছিন্ন করে দেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর